

- ১। গুন্ গুন্ স্বরে করে মধুর গান (হায় রে)
 স্থুলে ভুল থাকিলে মধু খুঁজে পাবে কেন্ ।
 ছেড়ে সা রে গা মা মেরে চিতান-সঙ্গীতে ভুল ভঙ্গী ধরা ॥
- ২। আমার হৃদ-সরোজে আছে পদ্মবন (হায় রে)
 ফুল ফুটেছে নানা রঙে দেখতে অগণন ।
 আমার মন-ভ্রমরা করে ভ্রমন;
 পায় না কোয়ায় মধু পোরা ॥
- ৩। গোঁসাই মনোহর কয়---থেকে আড়ালে,
 ঐ দেখ মধুকরে মধু ল'য়ে যায় পাখা তুলে ।
 অজ্ঞান মহাদেব তুই রইলি ভুলে কি সুখ পেয়ে
 মাতোয়ারা ॥
 ---মহাদেব সরকার



১৪১ নং

- তাল--গড়খেমটা রাগিনী--মিশ্র ভৈরবী
 (ভাই রে) কি মহাভাব মতুয়া বাজারে ।
 তারা এক নিরিখে, ঠাকুর দেখে, ঠাকুর রাখে হৃদয় পুরে ॥
- ১। মতো'র মাইরে নিরিখ ছাড়া, সকল তারে দিয়ে সাড়া,
 প্রেমের জুরে জারা জারা থাকে ভবের ঘরে ।
 তাদের আপন বলতে এজগতে আর'ত কেহ নাই রে---
 তারা সকল খুয়ে ঠাকুর নিয়ে, ব'সেরে সব আপন সেরে ॥